স্বর্গ অথবা মূর্খতা বিষয়ক কবিতা



স্বর্গ অথবা মূর্খতা বিষয়ক কবিতা



ভাষামুখ

Swarga athaba murkhata bisayak kabita

A collection of Poems by Raghunath Mukhopadhyay

প্রথম প্রকাশ ঃ জানুয়ারী ২০০৪

দ্বিতীয় প্রকাশ ঃ জানুয়ারী ২০১৫

গ্রন্থসত্ব ঃ শংকরী মুখোপাধ্যায়

প্রকাশক ঃ ভাষামুখ সাহিত্য পরিষদ

২, জয়নারায়ণ ঘোষ লেন, সালকিয়া, হাওড়া-৬

মুদ্রণ ঃ অঙ্কিত, ৩৮, কালিতলা লেন, সালকিয়া, হাওড়া-৬

প্রচ্ছদ ঃ রঘুনাথ

২০ টাকা

১

আর সত্যিই যদি আমি হাতের মুঠোয় কোনো স্বর্গ পাই–
তাহলে আমার প্রথম কাজ হবে
তাকে খুব শক্ত ভাবে চেপে ধরা
এবং তার সমস্ত সৌন্দর্য
আর কিংবদন্তীগুলো নষ্ট করে ফেলা।

আর এ কাজ খুবই দক্ষতার সঙ্গে সম্পন্ন করতে হবে–
যখন আমার হাতের মুঠোয় একটা স্বর্গ
আর মূর্খতা।

আমি যখন ঘুমোই
আর আমার স্বপ্নের মধ্যে সেই স্বর্গ–
যা আমি রচনা করেছি
আমার সমস্ত মূর্খতা দিয়ে।

২

আর এই মুহূর্তে একটা কবিতা নির্মাণের উপযোগী
সমস্ত উপাদান আমার আয়ত্বে ছিলো
আর আমি অপ্রস্তুত ছিলাম
আমার শ্রমশক্তির প্রতি কোনো আস্থা ছিলো না

আর এক্ষেত্রে শ্রমশক্তিই শিল্পের প্রধান
উপাদান হিসাবে বিবেচিত হবে

আমাকে স্বাস্থ্য ও শ্রমশক্তি ফিরে পেতে দাও

৩

আর আমি অক্ষম ছিলাম নিজেকে প্রকাশ করতে
যখন আমি তোমার কাছে যেতাম
আর খুব স্বাভাবিক ভাবেই আমার মনোযোগ প্রসারিত হত
তোমার প্রতি

সুন্দরের সামনে আমি কিবাবে দাঁড়াবো?

৪

আর আমার ছোটো খাটো ভুলগুলো
প্রতিদিন
একটু একটু করে বড় হতে থাকে
অযত্নে আর অবহেলায় অসুন্দর এদের প্রকৃতি

৫

আর এই সব ভাবনার মধ্যে ডুবে থাকতে আমার ভালোই লাগে
মজাগুলোকে পরপর সাজিয়ে তুলি
আর
সবকিছু নিজের ইচ্ছায় ঘটে চলে।

৬

আর আমার সারাটা দিন কি রকম ব্যস্ততার মধ্যে কেটে যায়
কিছুই মনে পড়ে না
সে রকম কিছু না।

৭

আর
একটা বিছানা সুযোগ পেলেই আমাকে জড়িয়ে ধরে

আর এই সংকট আমাকে কোথায় নিয়ে যাচ্ছে
কারো মুখের দিকে তাকিয়ে কথা বলতে পারছিনা

আর শুধু বেঁচে থাকার জন্য এমন সংগ্রাম
ভালো লাগে না

আর আমি জানি
এই সংকট থেকে আমরা একদিন মুক্ত হবোই

আর এই দিনগুলি
আমাদের অভিজ্ঞতায়যুক্ত অন্ধকার দিনগুলি
এসো
আলোকিত করি।

৮

এই ভাবে এক একটা দিন ঘুমিয়ে থাকি
এক একটা সপ্তাহের ভেতর
এক একটা মাস আর বছরের ভেতর
বৈশিষ্টহীন
নির্ঘুম
শরশয্যায়।

৯

মজা করবার মতো
এখন আর বাড়তি কোনো হাত নেই আমাদের

সেদিন বাসে উঠে এক ভদ্রলোকের পা মাড়িয়ে দিয়েছিলাম
ভদ্রলোক আমাকে অনেক কথা শোনালেন
আমার খুব লজ্জা হলো
আর একই সঙ্গে
নির্লজ্জের মতো দাঁড়িয়ে থাকতে থাকতে
আর ভদ্রলোকের কথা শুনতে শুনতে
নিজেকে খুব অসহায় আর নিঃসঙ্গ মনে হলো

আর মানুষ যদি অসহায় ও নিঃসঙ্গতার বোধ থেকে
মুক্তি পায়
তাহলে আরও কিছুকাল বেঁচে থাকতে পারে

১০

পায়ের বদলে বৃক্ষ শিকড়ে সুন্দর
আর তুমি পায়ে পায়ে হেঁটে চলে যাও

পৃথক যাত্রার চেয়ে মাটির গভীরে রাখো চরণ দু'খানি।

১১

আর আমাদের সম্পর্কের ভেতর
ভালোবাসা ও খারাপবাসার কারণগুলো
আরো স্পষ্ট ও নির্দোষ হতে পারে

তোমাকে আমার কোনোদিন জানা হবে না
আর নিজেকেই কি আমার কোনোদিন জানা হবে?

তুমি কি দেখতে চাও
আর
আমি কি দেখাতে পারি?

এই ভাবনায়
আমরা পরস্পর পরস্পরের দিকে চেয়ে থাকি।

১২

চোখ আছে
চোখ খোলাই আছে
তবে কেন?

সব আছে
সব কাছেই আছে
তবে কেন?

১৩

শুধু জল
শুধু জলোচ্ছাস
গ্রহণবর্জনহীন
ব্যবহারহীন
কোলাহল মুখর

১৪

যেহেতু আমরা পরস্পর খুব কাছাকাছি ছিলাম
আর আমাদের কোনো বিরোধ ছিলোনা–

আমরা গান গাইছিলাম
আর আমাদের গান একটা সুরে বাঁধা ছিল।

আমরা গান গাইছিলাম
মাঝে মাঝে সুর ভুল হচ্ছিল–

আর আমরা চেষ্টা করছিলাম
আমাদের নির্বাচিত সুরেই গান গাইতে।

আজকের কবিতার উৎসাহী পাঠকদের জন্য

কবির অন্যান্য কবিতার বই

ঈশ্বরের ঐশ্বর্য নীলাম

মুখোমুখি চারজন (কবিতা সংকলন)

কিছু প্রেম কিছু শ্রম

সম্প্রীতির পক্ষে ছবি ও কবিতা (সম্পাদনা)

যোগাযোগ ঃ ৯৮৭৪১১০২৩৫

ভাষামুখ